



বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬, মোবাঃ ০১৭৬৯-৭২১০৩৮

ই-মেইল: conex@bmu.edu.bd, ওয়েব: www.bmu.edu.bd

স্মারক নং বিএমইউ/পঃ নিঃ-৫২০/২৫/৬০০

তারিখ: ১৬/০৭ শ্রাবণ ১৪৩২
আগস্ট ২০২৫

পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি (স্নাতক/স্নাতকোত্তর)

১। এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১০ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৩তম সভায় প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে গৃহীত সিদ্ধান্তের আলোকে আসন্ন সেমিস্টার ফাইনাল পরীক্ষা হতে (স্নাতক ও স্নাতকোত্তর উভয় প্রোগ্রামের ক্ষেত্রে) নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হবে:

ক। সেমিস্টার ফাইনাল পরীক্ষায় প্রতিটি কোর্সের লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরপত্রকে Part-A এবং Part-B-এই ২টি ভাগে বিভক্ত করতঃ ০২ জন পরীক্ষক কর্তৃক উত্তরপত্র মূল্যায়ন করা হবে। এ ক্ষেত্রে, প্রশ্নপত্রের প্রতিটি অংশে ৫০% করে নম্বর (অর্থাৎ ৬০ নম্বরের পরীক্ষার ক্ষেত্রে ৩০ নম্বর) বরাদ্দ করতঃ পরীক্ষা পরিচালনা বিধি-এর অনুচ্ছেদ ৪(গ) অনুসরণ করা হবে।

খ। প্রতি কোর্সের পরীক্ষায় পরীক্ষার্থীদের Part-A এবং Part-B সম্বলিত ০১ টি প্রশ্নপত্র সরবরাহ করা হবে। তবে উত্তর লিখার জন্য পরীক্ষার্থীদের Part-A এবং Part-B এর জন্য আলাদা আলাদা উত্তরপত্র (মূল ও অতিরিক্ত) সরবরাহ করা হবে।

গ। ০২ জন পরীক্ষকের মধ্যে ১ম পরীক্ষক Part-A এবং ২য় পরীক্ষক Part-B এর উত্তরপত্র মূল্যায়ন করবেন। এ ক্ষেত্রে, ১ম ও ২য় পরীক্ষক কর্তৃক প্রদত্ত নম্বরের যোগফল একজন শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর হিসেবে গণ্য হবে।

ঘ। প্রশ্নপত্রে প্রদত্ত নির্দিষ্ট সময়সীমার মধ্যে উভয় অংশের প্রশ্নপত্রের উত্তর লিখতে হবে। এ ক্ষেত্রে, Part-A এবং Part-B-এর জন্য আলাদাভাবে সময় নির্ধারিত থাকবে না।

ঙ। উত্তরপত্র মূল্যায়নের পর নিরীক্ষকগণ উত্তরপত্র নিরীক্ষা করবেন।

২। এতদ্ব্যতীত, ৪৩তম সিন্ডিকেটের সিদ্ধান্ত মোতাবেক আগামী সেমিস্টার হতে শিক্ষার্থীগণ Improvement/Retake পরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ লেটার গ্রেড B+ (GP 3.25) প্রাপ্য হবে।

৩। অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

লেঃ কমান্ডার সুশীল বড়ুয়া, (শিক্ষা), বিএন (অবঃ)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অবগতি:

- ১। ড্রেজারার
- ২। সকল ডিন
- ৩। রেজিস্ট্রার
- ৪। সকল বিভাগীয় প্রধানগণ
- ৫। পরিচালক (আইসিটি) - ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ
- ৬। পিএস কার্ড টু ভিসি
- ৭। নোটিশ বোর্ড
- ৮। অফিস কপি